গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২২.০৬.০০২.১৫.১০০

তারিখঃ ০২ শ্রাবণ ১৪৩০ / ১৭ জুলাই ২০২৩

বিষয়ঃ বাংলাদেশের Open Government Data (OGD) এর বর্তমান অবস্থান এবং ভবিষ্যত করণীয় নির্ধারণ সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশের Open Government Data (OGD) এর বর্তমান অবস্থান এবং ভবিষ্যত করণীয় নির্ধারণ সংক্রান্ত পর্যালোচনা সভা ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সভাপতিত্বে গত ০৫ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী ৩ (তিন) ফর্দ।

১৭/৭/২০২৩
কাজী তোফায়েল হোসেন
উপসচিব
মোবাইলঃ ০১৭৪৬৪৪৭৭৮৮
ই-মেইলঃ k.tofail74@gmail.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা উইং, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা;
৩। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা;
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
৫। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা;
৬। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি: জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ;
২। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ;
৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (কার্যবিবরণীটি বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.sid.gov.bd

বিষয়: Open Government Data (OGD) এর বর্তমান অবস্থান পর্যালোচনা এবং ভবিষ্যত করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. শাহনাজ আরেফিন, এনডিসি সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
সভার স্থান	:	সভাকক্ষ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা
সভার তারিখ ও সময়	:	০৫ জুলাই ২০২৩, সকাল: ১১:০০ ঘটিকা
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সূচনা বক্তব্যে তিনি বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগে উপাত্ত বা ডেটা উন্নয়নে নিয়ামক ভূমিকা পালন করে। জনগণের নিকট উপাত্ত সহজলভ্য করার মানসে Open Government Data (OGD) কার্যক্রম শুরু করা হয়। জাতিসংঘ ঘোষিত E-Govt. Development Index নির্ণয়ে OGD গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। OGD সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে নীতিগত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে ২০১৫ সালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং Aspire to Innovate (a2i) এর যৌথ নেতৃত্বে OGD বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা। পরবর্তীতে E-Govt. Development Index র‍্যাংকিংয়ে বাংলাদেশের অবস্থান উন্নীতকরণ শীর্ষক পলিসি ডায়ালগ মন্ত্রিপরিষদ সচিব এর সভাপতিত্বে ২০২০ সালে অনুষ্ঠিত হয়। উভয় সভার নির্দেশনা এবং ফলোআপ হিসেবে কিছু কার্যক্রম বাস্তবায়ন করা হয়; কিছু চলমান আছে। বর্তমানে OGD কার্যক্রমে ভাটা পড়ছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে তথ্যের উন্মুক্ততা এবং সহজলভ্যতা বৃদ্ধি করা বাঞ্ছনীয়। সার্বিক পরিস্থিতিতে পরবর্তী করণীয় বিষয়ে আদ্যকার সভার আয়োজন করা হয়েছে। তিনি এজেন্ডাভিত্তিক আলোচনার জন্য অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID) কে আহ্বান জানান।

০২। ড. মোঃ মইনুল হক আনছারী, অতিরিক্ত সচিব, SID বলেন, UN E-Govt. Development Index (EDI) তিনটি Index যথা : Online Service Index (OSI),Telecommunication Infrastructure Index (TII) এবং Human Capital Index (HCI) এর সমন্বিত ফল। OSI এর অন্যতম অংশ OGD বিষয়ে বাংলাদেশে ২০১৬, ২০১৭ সালের দিকে অনেক কার্যক্রম হয় যা ২০২১ সাল পর্যন্ত দৃশ্যমান ছিল। ২০১৫ সালে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় OGD কার্যক্রম গতিশীল এবং সাবলীল করার লক্ষ্যে ৩টি গুরুত্বপূর্ণ কমিটি গঠন করা হয়; তাদের কর্মপরিধি সুনির্দিষ্ট করা হয়। পরবর্তীতে উক্ত কমিটিগুলোর আওতায় দু'টি গুরুত্বপূর্ণ সাব-কমিটি গঠন করা হয়। কমিটি এবং সাব-কমিটিগুলো বিভিন্ন সময়ে সভায় মিলিত হয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়ন করে। উল্লেখযোগ্য অগ্রগতি হিসেবে OGD বিষয়ে একটি কৌশলপত্র বাংলা ও ইংরেজি ভার্সনে প্রণীত হয়েছে; একটি প্লাটফরম (www.data.gov.bd) প্রস্তুত করা হয়েছে। OGD প্লাটফরমে তথ্য আপলোড করা হলেও বর্তমানে তা নিয়মিত নয়। এরপর বিভিন্ন অ-পরিহারযোগ্য পরিস্থিতির কারণে এ বিষয়ে তেমন কোন অগ্রগতি হয়নি। তাই OGD সংক্রান্ত কার্যক্রমটি সচল করার জন্য পূর্বে গঠিত কমিটিসমূহের সভাপতিগণের সমন্বয়ে আজকের সভার আয়োজন করা হয়। তিনি OGD এর সার্বিক কার্যক্রম এবং ভবিষ্যত করণীয় বিষয়ে একটি উপস্থাপনা প্রদানের জন্য জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার, SID-কে আহ্বান করেন।

০৩। **OGD বিষয়ক উপস্থাপনার পর নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
১	উন্মুক্ত সরকারি কৌশলপত্রের (OGDS) আধুনিকায়ন	সরকারি দপ্তরের তথ্য সর্বসাধারণের ব্যবহার উপযোগি, দপ্তর/সংস্থা থেকে ডাটাসেট আপলোড, প্রকাশ এবং OGD সংক্রান্ত সকল আইনগত বিধিবিধান ও কর্মপরিকল্পনা সম্বলিত উন্মুক্ত উপাত্ত কৌশলপত্র ২০১৬ সালে ইংরেজি ভার্সন এবং ২০২১ সালে বাংলা ভার্সন প্রণীত হয়। আলোচনায় জানা যায়, এতে ডিজাইনকৃত কাভার পেইজ, সত্বাধিকারসহ অন্যান্য তথ্য সংযোজন করা হয়নি। তাছাড়া সময়ের সাথে টেকনোলজির পরিবর্তনের প্রেক্ষিতে এটি হালনাগাদ হওয়া দরকার। তাই উন্মুক্ত উপাত্ত কৌশলপত্র প্রয়োজনীয় পরিবর্তন এবং পরিবর্ধন করে পুনরায় প্রকাশ করা উচিৎ মর্মে সভা একমত পোষণ করে।	১.১ কৌশলপত্রটি (বাংলা ও ইংরেজি ভার্সন) নান্দনিক ডিজাইনের কাভার পেইজ, সত্বাধিকার, প্রকাশ সালসহ প্রাসঙ্গিক তথ্যাদি সংযোজন-বিয়োজন সাপেক্ষে আধুনিকীকরণ করা হবে; ১.২ OGD Strategy Review and Formation কমিটি কৌশলপত্রটি আধুনিকীকরণের উদ্যোগ গ্রহণ করবে।
২	উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়ন	উন্মুক্ত উপাত্ত কৌশলপত্রে কৌশল-৭ এ উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়নের বিষয়ে বলা হয়েছে যে, 'উন্মুক্ত উপাত্ত সিস্টেম পরিচালনা, নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা এর প্রতিপালন এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বর্ণিত থাকবে। উন্মুক্ত উপাত্ত ওয়ার্কিং গ্রুপ উন্মুক্ত উপাত্ত নীতিমালা তৈরির কাজে উন্মুক্ত উপাত্ত নির্বাহী টিমকে সহায়তা করবে এবংএ নীতিমালা উপযুক্ত সরকারি সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত হবে'। কৌশলপত্রের নির্দেশনামতে উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণীত হলে OGD কার্যক্রম আরও শক্তিশালী এবং গতিশীল হবে মর্মে সভা মত দেয়। তাছাড়া কৌশলপত্র হালনাগাদ, উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়ন, OGD পোর্টাল আধুনিকায়ন ইত্যাদি কাজগুলো একই সাথে চলবে কি-না সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। OGD সংশ্লিষ্ট বিভিন্ন কমিটি, সাব-কমিটির বর্তমান প্রাসঙ্গিকতা এবং হালনাগাদকরণ বিষয়েও বিস্তারিত আলোচনা হয়।	২.১ উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়ন করা হবে; ২.২ নির্বাহী কমিটি উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে; ২.৩ OGD কৌশলপত্র আধুনিকীকরণ, উন্মুক্ত উপাত্ত নীতিমালা প্রণয়ন, OGD পোর্টাল আধুনিকীকরণসহ সার্বিক কার্যক্রম সমান্তরালে চলবে। ২.৪ সংশ্লিষ্ট সকল কমিটি, সাব-কমিটি প্রাসংগিক দায়িত্ব পালন করবে। এ ক্ষেত্রে কমিটি তাদের গৃহীত কার্যক্রম অন্য কমিটিকে অবগত রাখবে। কোন কমিটি প্রয়োজনবোধে অন্য কমিটির সভাপতি/ সদস্যসচিব কে সভায় আমন্ত্রিত অতিথি করবে। কমিটি প্রয়োজ্য ক্ষেত্রে মন্ত্রিপরিষদ সচিব/ মুখ্য সচিব মহোদয়ের পরামর্শ নেবে এবং তাঁদেরকে গৃহীত কাযক্রম অবহিত রাখবে; ২.৫ OGD বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল টিম/কমিটি কে ভবিষ্যত করণীয় নির্ধারণে সভা করার অনুরোধ করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে পত্র দিতে হবে।
৩	উন্মুক্ত সরকারি উপাত্ত (OGD) পোর্টালের আধুনিকায়ন	OGD পোর্টাল হচ্ছে রাষ্ট্রের ই-সার্ভিস পরিমাপের একটি আয়না; কোন দেশের E-Ranking এর পূর্ণাঙ্গ প্রতিফলন হয় পোর্টালের মাধ্যমে। OGD পোর্টালটি ২০১৭ সালে হোস্টিং করা হয়। ডাটা প্রদানকারী সংস্থা/অধিদপ্তর কর্তৃক ডাটা আপলোড এবং ব্যবহারকারীর উক্ত ডাটা ব্যবহার করার কথা। বর্তমানে ওয়েবপোর্টাল এবং ওয়েবপোর্টালের ডাটা হালনাগাদকৃত নয়। আলোচনায় জানা যায়, a2i কর্তৃক Open Government Data (OGD) পোর্টালের আধুনিকায়ন করা হচ্ছে। এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ অফিসিয়ালি অবগত নয়।	৩.১ বিদ্যমান বজায় রেখে OGD পোর্টালটির আধুনিকায়ন করতে হবে; ৩.২ আধুনিকায়নকৃত OGD পোর্টালে Recent Event নামক একটি মেন্যু রাখতে হবে যা সকল কর্মকাণ্ডের রিপোজেটরি হিসেবে ব্যবহৃত হবে;

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
		তাছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় অবগত কি-না তাও স্পষ্ট নয়। OGD পোর্টাল আধুনিকায়নে সংশ্লিষ্ট সকলে অবগত থাকলে বা সকলের অংশগ্রহণ নিশ্চিত করা গেলে এর গুনগত মান যেমন বাড়বে তেমনি সকলের ওনারশিপ এবং দায়বদ্ধতাও বাড়বে বলে সভা মত দেয়। প্রকল্প পরিচালক, a2i বলেন যে, OGD ওয়েবপোর্টালটি a2i এর তত্ত্বাবধানে Orangebd কর্তৃক ডেভেলপ করা হয়। পূর্বের কোম্পানি Orangebd এর মেয়াদ ২০১৭ সালে শেষ হওয়ায় এবং OGD পোর্টালটি পুরোনো টেকনোলোজিতে (ধুপাল সিএমএস) হওয়ায় এর কাস্টমাইজেশন সম্ভব হয়নি। তাই পোর্টালটি নতুনভাবে ডেভেলপ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ২০২২ সালে বিজনেস অটোমেশনের সাথে a2i এর চুক্তি সম্পন্ন হয়েছে।। সে অনুযায়ী ওয়েবপোর্টালের প্রোটোটাইপ ডিজাইন সম্পন্ন হয়েছে। এতে PHP, Laravel, MySql, JQuery, CSS, NodeJS টেকনোলজি ব্যবহার করা হচ্ছে। তিনি OGD পোর্টাল আধুনিকায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে টেকনিক্যাল প্রতিনিধি/কর্তকর্তা নিয়োগ করার প্রস্তাব করেন। তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিনিধি হিসেবে জনাব সি এস রায় ওয়েব পোর্টালের আধুনিকায়নে যুক্ত আছেন। তাছাড়া তিনি অন্য ক্যাপাসিটিতেও কাজ করছেন। আলোচনায় জানা যায় যে, ইতোমধ্যে জনাব সি এস রায় বিবিএস হতে অবসরে গেছেন।	৩.৩ OGD পোর্টাল আধুনিকায়ন কার্যক্রম মনিটরিং করার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে একজন করে টেকনিক্যাল প্রতিনিধি/কর্মকর্তা নিয়ে **OGD পোর্টাল আধুনিকায়ন মনিটরিং কমিটি** গঠন করা হবে। এ বিষয়ে a2i কার্যকর ব্যবস্থা নিবে; ৩.৪ OGD পোর্টাল আধুনিকায়ন পর্বে সংশ্লিষ্টদের নিয়ে a2i কর্মশালা/ সেমিনার/ সভার মাধ্যমে মতামত নিয়ে এর গুনগত মান নিশ্চিত করবে।
৪	OGD বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভাপতি এবং নির্বাহী কমিটির সদস্য মনোনয়ন	সচিব, সমন্বয় ও সংস্কার ইউনিট, মন্ত্রিপরিষদ বিভাগ এর সভাপতিত্বে ২০১৬ সালে নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী OGD বাস্তবায়ন ও মনিটরিং কমিটি গঠন করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) এবং a2i এর প্রকল্প পরিচালককে উক্ত কমিটির সভাপতি করা হয়। বর্তমানে মহাপরিচালক এবং a2i এর প্রকল্প পরিচালক আলাদা কর্মকর্তা হওয়ায় সময়ের প্রয়োজনে কমিটির সভাপতি সুনির্দিষ্ট করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে OGD এর গুরুত্ব সর্বিশেষ। a2i এর প্রকল্প পরিচালক OGD বাস্তবায়নে বিভিন্নভাবে সংশ্লিষ্ট। তিনি পোর্টাল তৈরিতে মুখ্য ভূমিকা পালন করছেন। তাই সার্বিক বিবেচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে OGD বাস্তবায়ন কমিটিতে সভাপতি রাখার বিষয়ে সভা মতামত দেয়। নির্বাহী কমিটির সদস্য হিসাবে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে মনোনায়ন দেয়া আছে। বর্তমানে এ মন্ত্রণালয় দু'টি বিভাগে বিভক্ত। নির্বাহী কমিটিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি/সদস্য মনোনায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। OGD এর কার্যপরিধি বিবেচনায় জননিরাপত্তা বিভাগের সচিব-কে সদস্য মনোনয়ন করা যায় মর্মে সভা মত দেয়। বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভাপতি এবং নির্বাহী কমিটির সদস্য মনোনয়ন বিষয়ে নির্বাহী কমিটির সভার মাধ্যমে সিদ্ধান্ত নেয়া যৌক্তিক হবে মর্মে সভা ঐকমত্য পোষণ করে।	৪.১ নির্বাহী কমিটি সভা করে বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সভাপতি নির্ধারণ করবে; ৪.২ নির্বাহী কমিটির সভায় উক্ত কমিটিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সম্পর্কিত বিষয়টি সুরাহা করা হবে।
৫	OGD ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ	সচিব, সমন্বয় ও সংস্কার ইউনিট, মন্ত্রিপরিষদ বিভাগ এর সভাপতিত্বে ২০১৬ সালের নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার OGD এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে কাজ করবে। সে মোতাবেক কিছু মন্ত্রণালয় থেকে- ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন করা হলেও বেশ কিছু মন্ত্রণালয় প্রতিনিধি মনোনয়ন দেয়নি। সকল মন্ত্রণালয়ের OGD এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ এবং হালনাগাদ করার বিষয়ে সভা মত দেয়।	৫.১ মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার কে OGD এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন দেয়ার অনুরোধ করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে পত্র প্রেরণ করতে হবে।

ক্র.নং.	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
৬	বিবিধ	(ক) Open Government Data (OGD) পোর্টাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কিছু গুরুত্বপূর্ণ তথ্য প্রস্তুত করা সম্ভব যা সাধারণ ব্যবহারকারী অর্থের বিনিময়ে ক্রয় করবে। এর জন্য একটি বিজনেস মডেল প্রয়োজন। (খ) Data Catalogue একটি সংস্থার সমস্ত Data এর ইনভেন্টরি থেকে Metadata ব্যবহার করে প্রাসঙ্গিক Data খুঁজে পেতে সহায়তা করে। এ লক্ষ্যে একটি Data Catalogue থাকা প্রয়োজন মর্মে সভা মত দেয়। (গ) OGD প্লাটফরমে দেশি-বিদেশি সকল সংস্থা/ব্যক্তি/প্রতিষ্ঠান ডাটা ব্যবহারের সুযোগ পেয়ে থাকে। তাই এর নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে OGD লাইসেন্সিং কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। বিজনেস মডেল (Business Model), Data Catalogue, OGD লাইসেন্সিং এর বিষয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত থাকলেও বাস্তবে তেমন কোন অগ্রগতি হয়নি। তাই এ ব্যাপারে উদ্যোগ নেয়া প্রয়োজন মর্মে সভা মত দেয়। (ঘ) প্রণীত কৌশলপত্রের কৌশল ৫ এবং ৬-এ উপাত্ত সিস্টেম ও সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী সিস্টেম নিয়ে কাজ করেন, উন্মুক্ত উপাত্ত বিষয়ে সর্বিশেষ পরিচিতি, পরীক্ষিত উদ্ভাবনী সক্ষমতাসম্পন্ন ও গ্রহকের চাহিদা বুঝতে সক্ষম ব্যক্তিদের সমন্বয়ে যথাক্রমে উন্মুক্ত উপাত্ত ওয়ার্কিং গ্রুপ এবং উন্মুক্ত উপাত্ত নির্বাহী টিম গঠন করার কথা উল্লেখ রয়েছে। এ ব্যাপারে পদক্ষেপ নেয়া প্রয়োজন মর্মে সভা মত দেয়।	৬.১ OGD বিজনেস মডেল, OGD লাইসেন্সিং কার্যক্রম, OGD Data Catalogue, উন্মুক্ত উপাত্ত ওয়ার্কিং গ্রুপ এবং উন্মুক্ত উপাত্ত নির্বাহী টিম এর বিষয়ে সংশ্লিষ্ট কমিটি পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

০৪। সভাপতি আজকের সভায় সময় দেয়ার জন্য এবং আলোচনায় গুরুত্বপূর্ণ মতামত দেওয়ার জন্য জনাব মোঃ মাহমুদুল হোসাইন খান, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ এবং ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ন কবীর, অতিরিক্ত সচিব (প্রকল্প পরিচালক, a2i) কে বিশেষ ধন্যবাদ জানান। সভায় উপস্থিত সকলকে সক্রিয় অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩.০৭.২৬

ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি অধিশাখা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.sid.gov.bd

বাংলাদেশের Open Government Data (OGD) এর বর্তমান অবস্থান এবং ভবিষ্যৎ করণীয় নির্ধারণের নিমিত্ত পর্যালোচনা সভায় উপস্থিতি কর্মকর্তাবৃন্দের হাজিরার তালিকা।

সভাপতি: ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

সভার তারিখ: ০৫ জুলাই ২০২৩

সভার সময় : ১১.০০ ঘটিকা

ক্র. নং	নাম ও পদবি	বিভাগ/সংস্থা	ই-মেইল ও মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.	মো. মাহমুদুল হোসেন খান সচিব (সমন্বয় ও সংস্কার)	মন্ত্রিপরিষদ বিভাগ	mhkhan_helal@yahoo.com ০২-৮৩১৪০২৫৫১	
০২.	ড. মো. মইনুল হক খান্দকার পদবি: সচিব	SID		৫/৭/২৩
০৩	ফারুক আহমেদ অতিরিক্ত সচিব (উ:)	SID	০১৭১৫৪৯৯১৭৭	
০৪.	ড. মোস্তাফা মুহাম্মদ মহাসচিব কমিশন পদবি: সচিব	PD, NCP	০১৭১৫৬১৬৫৮৯	
০৫.	পরিমল চন্দ্র বসু পরিসংখ্যানবিদ	BBS	০১৭১৫১১৩৯৫২	
০৬.	এস এম ফ্যাকিরুল আমিন যুগ্মসচিব	SID	০১৯১২৬৬৪৪ -এস	
০৭.	দিপংকর রায় উপসচিব	SID	০১৭৩২৬৩০৩৯ dr.roy.m@gmail.com	

ক্র. নং	নাম ও পদবি	বিভাগ/সংস্থা	ই-মেইল ও মোবাইল নম্বর	স্বাক্ষর
০৮.	মো: দিলদার হোসেন উপসচিব	SID	01715301843 dilderbbsbd@gmail.com	05.07.2023
০৯.	কাজী তোফায়েল হোসেন উপসচিব	SID	01746447788	05.07.2023
১০.	Md. Anowarul Arif Khan, RMA	azi	01755589900	5.7.2023
১১.	মু: ওয়াহিদ মুরাদ প্রোগ্রামার	SID	01979328612	
১২.	Md. Raihanul Haque Data Expert	azi	01716022209	
১৩.	Tito Chakma Data Innovation Expert	"	01734050545	
১৪.	সাদেক হোসেন গোলা প্রোগ্রামার	SID	01550041221	